# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.05.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর-

১) নির্বাচন কমিশন গতকাল এক বৈঠকে পঞ্চম ও ষষ্ঠ দফার লোকসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করেছে।

২) সোমবার থেকে কলকাতা উত্তর ও দক্ষিণ লোকসভা কেন্দ্রের ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটদাতাদের বাড়ি বাড়ি ভোটগ্রহণ শুরু হচ্ছে।

সপ্তম তথা শেষ দফার লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের শেষদিন আগামীকাল।

৩) বাকি দফার জন্য জমে উঠেছে নির্বাচনী প্রচার।

৪) ৩১-মের আশাপাশে দেশে বর্ষা ঢুকছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশন গতকাল এক বৈঠকে পঞ্চম ও ষষ্ঠ দফার লোকসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করেছে। পঞ্চম দফার ৪৯-টি এবং ষষ্ঠ দফার ৫৭-টি আসনের জন্য পর্যবেক্ষকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক হয়। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার ও দুই নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও সুখবীর সিং সান্ধু বৈঠকে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য এমাসের ২০ তারিখ পঞ্চম দফায় এবং ২৫ তারিখ ষষ্ঠ দফায় ভোটগ্রহণ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষদিনে আগামীকাল। জমাপড়া মনোনয়ন পত্রগুলি গতকাল পরীক্ষা করে দেখা হয়েছে। এই দফায় কলকাতা-উত্তর ও দক্ষিণ, যাদবপুর, দমদম, বসিরহাট, জয়নগর, মথুরাপুর এবং ডায়মন্ডহারবার এই ৯-টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে পয়লা জুন। ঐদিনই বরানগর বিধানসভা কেন্দ্রর উপনির্বাচনেও ভোট গ্রহণ।

এদিকে, রাজ্যে পঞ্চম দফায় আগামী সোমবার বিশে মে ভোটগ্রহণের জন্য জোরদার প্রস্তুতি চলেছে। এই পর্যায়ে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেরিয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ এই সাতটি আসনে ভোট নেওয়া হবে। হুগলী কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট )

এদিকে পঞ্চম দফায় নিরাপত্তা আরও জোরদার করতে চলেছে নির্বাচন কমিশন। আগামী বিশে মে-র ঐ ভোটে বুথের নিরাপত্তার দায়িত্বে থাকবে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এরমধ্যে সবচেয়ে বেশি ১৭১ কোম্পানী থাকছে হুগলী গ্রামীণ এলাকায়। হাওড়া গ্রামীণে থাকবে ১১০ কোম্পানী। পাশাপাশি ২৫ হাজারেরও বেশি রাজ্য পুলিশ মোতায়েন থাকছে।

০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, আগামী সোমবার থেকে কলকাতা উত্তর ও দক্ষিন লোকসভা কেন্দ্রে ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটদাতাদের বাড়ি বাড়ি যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া কলকাতা পুলিশের আওতাধীন বাকি তিন লোকসভা কেন্দ্র যাদবপুর, ডায়মন্ডহারবার ও জয়নগরে ভোটারদের বাড়ি যাওয়া হবে ২৩ ও ২৪ তারিখে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে, এই দলে কমিশনের প্রতিনিধি ছাড়াও থাকবেন কেন্দ্রীয় বাহিনীর চার জওয়ান।

oooooooooooooooooo

রাজ্যে বাকি তিন দফা ভোটর জন্য প্রচার জমে উঠেছে। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফের রাজ্যে আসছেন। সবকিছু ঠিকঠাক থাকলে আগামী রবিবার কলকাতায় আসবেন তিনি। রাজ্যে দু-দিনে মোট ৬-টি জনসভা করার কথা শ্রী মোদীর। বাঁকুড়ার বিজেপি প্রার্থীর সমর্থনে জনসভার পাশাপাশি, পুরুলিয়া, তমলুক ও ঘাটালেও প্রচারে অংশ নেবেন বলে সংবাদ সংস্থা হিন্দুস্থান সমাচার সূত্রের খবর।

এদিকে, গতকাল রাজ্যে এসে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও তৃণমূল কংগ্রেসের কড়া সমালোচনা করেছেন প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। হুগলীর শ্রীরামপুর লোকসভা কেন্দ্রের মশাট বাজারে এক জনসভায় তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকার দুর্নীতিগ্রস্তদের পাশে রয়েছে।

কেন্দ্রের বিভিন্ন প্রকল্প রাজ্যে কেন বাস্তবায়িত হয় না, সে প্রশ্ন তোলেন তিনি। তৃণমূল কংগ্রেস সরকার অনুপ্রবেশকারীদের স্বার্থ রক্ষায় রাজ্যে সি এ এ চালু করতে চাইছে না বলেও মন্তব্য করেন তিনি।

(বাইট – অমিত শাহ্)

অন্যদিকে, বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডা পুরুলিয়ার রঘুনাথপুরের সাঁতুড়ি এবং বাঁকুড়ার গঙ্গাজল ঘাঁটিতে দুটি জনসভা করেন। তিনি বলেন, মোদীর নেতৃত্বে দেশ মজবুত সরকার চাইলেও, মমতা ব্যানার্জী চান, কেন্দ্রে দুর্বল সরকার থাকুক।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হুগলীতে এক জনসভায় কেন্দ্রের বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেছেন, তিনি বলেন, নির্বাচনে হার বুঝতে পেরে বিজেপি সাম্প্রদায়িক রাজনীতি করছে। রাজ্যে সি এ এ বলবৎ করতে দেওয়া হবে না বলেও তিনি উল্লেখ করেন। ইন্ডিয়া জোট সরকার গঠনের জায়গায় এলে তার দল বাইরে থেকে সরকারকে সমর্থন করবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

(বাইট- মমতা)

হাওড়াতে পদযাত্রা করেন তিনি।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ব্যারাকপুরে দলীয় প্রার্থীর সমর্থনে গতকাল রোডশো করেন।

দক্ষিণ কলকাতার হাজরাতে রোডশো-তে অংশ নেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম।

কংগ্রেস ও বামদলগুলিও জোরদার নির্বাচনী প্রচার চালাচ্ছে।

ooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর হুগলীর সভা থেকে ফেরার পথে হৃদরোগে আক্রান্ত হয়ে এক তৃণমূল কংগ্রেস কর্মী মৃত্যু হয়েছে। স্বপন মাঝি নামে ওই ব্যক্তি পোলবার বাসিন্দা। সভা শেষে স্কুটারে বাড়ি ফেরার সময় অসুস্থবোধ করলে তাঁকে চুচূঁড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তাঁর মৃত্যু হয়। চুচূঁড়ার বিধায়ক অসিত মজুমদার মৃত কর্মীর বাড়িতে গিয়ে সমবেদনা জানান।

ooooooooooooooooooo

বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র, তাঁর বিরুদ্ধে পুলিশ কতগুলো মামলা করেছে, তা জানতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। সেই সঙ্গে আদালতের কাছে রক্ষাকবচেরও আর্জি জানিয়েছেন তিনি। সন্দেশখালির স্টিং অপারেশনের ভিডিও সামনে আসার পর স্থানীয় বিজেপি নেতা গঙ্গাধর কয়াল এবং রেখার বিরুদ্ধে অভিযোগ দায়ের হয় থানায়। পুলিশ সেই নিয়ে তদন্তও শুরু করেছে। পুলিশ যাতে কোন কড়া ব্যবস্থা না

নেয় তার জন্য আদালতের কাছে রক্ষাকবচের আবেদন জানিয়েছেন বিজেপি প্রার্থী। নিরাপত্তার আবেদনও জানিয়েছেন তিনি।

অন্যদিকে সন্দেশখালির বিজেপি নেত্রী পিয়ালী দাস নিজের গ্রেফতারির বিরুদ্ধে হাইকোর্টে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে মামলা করেছেন।

ooooooooooooooooooo

এদিকে, তৃণমূল কংগ্রেস ও বিজেপি দুদলেরই প্রতিবাদ বিক্ষোভের জেরে উত্তর ২৪ পরগণার সন্দেশখালি গতকাল আবারও উত্তপ্ত। সিংপাড়া এলাকায় তৃণমূল কংগ্রেস বিধায়ক সুকুমার মাহাতোকে বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা হেনস্থা ও মারধরের প্রতিবাদে দলের নেতা কর্মীরা ধিক্কার মিছিল বের করেন। ত্রিমোহনী বাজার থেকে এই মিছিলে সুকুমার বাবু ছাড়াও পঞ্চায়েত সমিতির কর্মাধক্ষ দিলীপ মল্লিক এবং দলের নেতা কর্মী সমর্থকেরা অংশ গ্রহণ করেন।

এদিকে, পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগে বিজেপি নেতা কর্মীরাও পাল্টা বিক্ষোভে সামিল হয়েছেন। দলের নেত্রী আইনজীবী, প্রিয়াঙ্কা টিবরেওয়াল গতকাল সন্দেশখালিতে গিয়ে গ্রামবাসীদের অভাব অভিযোগ শোনেন। তাঁর দাবি, পুলিশ রাতের অন্ধকারে বেছে বেছে বিজেপি কর্মী সমর্থকদের বাড়ি গিয়ে হেনস্থা করছে। মমতা ব্যানার্জী এখনও কেন সন্দেশখালি আসেননি, এই প্রশ্নও তুলেছেন প্রিয়াঙ্কা।

বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রও গতকাল সন্দেশখালিতে যান। তিনিও মিথ্যা মামলায় বিজেপি কর্মী সমর্থকদের ফাঁসানোর অভিযোগ তোলেন।

এদিকে কেন্দ্রীয় বাহিনী সন্দেশখালির হাটগাছি গ্রাম পঞ্চায়েতে রুটমার্চ শুরু করেছে। গ্রামবাসীদের সঙ্গেও তারা কথা বলছেন। রুটমার্চ চলেছে ত্রিমোহনী, পাত্রপাড়া, তেলেপাড়া এলাকাতেও।

০০০০০০০০০০০০০০০০০০

এবছর দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু ৩১-শে মে-র আশেপাশে কেরলে প্রবেশ করবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। তা ক্রমশ উত্তরমুখী হলে গ্রীষ্মের দাবদাহ থেকে কিছুটা স্বস্তি মিলতে পারে বলে আবহাওয়া দফতরের প্রেস বিবৃতিতে জানানো হয়েছে । আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানালেন,

(বাইট – সোমনাথ)

এদিকে, ঘূর্ণাবর্ত এবং বায়ুমন্ডলে প্রচুর জলীয় বাষ্প থাকায় উত্তরবঙ্গের পাঁচ জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়াও বয়ে যাওয়ার সম্ভাবনা।

বৃষ্টি হতে পারে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কয়েকটি জেলাতেও। রাজ্যের বাকি অংশে মূলত মেঘলা আকাশ থাকতে পারে।

আজ কলকাতায় দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৫ ডিগ্রী বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০